

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৯৩

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি একশটি আয়াত পাঠ করবে

باب مَنْ قَرَأً بِمِائَةِ آيَةٍ

## আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ أَخْبَرَنَا حَرِيزُ بْنُ عُثْمَانَ عَنْ حَبِيبِ بْنِ عُبَيْدٍ قَالَ سَمِعْتُ أَبَا أُمَامَةَ يَقُولُ مَنْ قَرَأً بِمِائَةِ آيَةٍ لَمْ يُكْتَبْ مِنْ الْغَافِلِينَ

## বাংলা

৩৪৯৩. হাবীব ইবনু উবাইদ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আবূ উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহু কে বলতে শুনেছি, "যে ব্যক্তি রাতে (সালাতে) একশ'টি আয়াত পাঠ করবে, তাকে গাফিলদের মধ্যে লিখা হবে না।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। এটি আবু উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহু এর উপর মাওকুফ।

তাখরীজ: তাবারাণী, কাবীর ৮/২১১ নং ৭৭৪৮ মারফু' হিসেবে যয়ীফ সনদে। সেখানে রয়েছে: একশ'টি' এর পরিবর্তে দশটি আয়াত' এর কথা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন